**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড**
**বরিশাল**
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/৩৩৪ তারিখ: ১৮/০৫/২০১৫ খ্রি.

বিষয় : বরগুনা জেলার আমতলী উপজেলাধীন ড. মোঃ শহিদুল ইসলাম কলেজের উচ্চমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদানের প্রেক্ষিতে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ

সূত্র : নং-৩৭.০০৯.০১৮.০৩.০০.০০৮.২০১০/১১৮৯ তারিখ : ০৭/১২/২০১১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক জানানো যাচ্ছে যে, ড. মোঃ শহিদুল ইসলাম কলেজ,ডাক:পঞ্চাকোড়ালিয়া,উপজেলা:আমতলী, জেলা:বরগুনা-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদানের প্রেক্ষিতে মন্ত্রণালয়ের নির্দেশক্রমে কলেজটি পরিদর্শন করা হয়েছে ।

একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলে স্থানীয় গরীব মেধাবী শিক্ষার্থীরা অনুপ্রাণিত হবে। পরিদর্শনকারী কর্মকর্তার মতামত এবং মন্ত্রণালয়ের নির্ধারিত তথ্য ছক-০১,০২ ও ০৩ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশসহ এতদ্সঙ্গে প্রেরণ করা হলো ।

আপনার অনুগত
১৮/৫/১৫
প্রফেসর মুঃ জিয়াউল হক (৭০৩৮)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল
মোবাইল:০১৭১১৫৪৬৯৫৩
ই-মেইল:barisalboard@gmail.com
11.05.15

সচিব
শিক্ষামন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

দৃষ্টি আকর্ষণ :
উপ-সচিব (কলেজ-০৪)
শিক্ষামন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

# পরিদর্শন প্রতিবেদন

কলেজের নাম : ড. মো: শহিদুল ইসলাম কলেজ, ইআইআইএন-১৩৪৮৭৬

ডাকঘর :পঞ্চাকোড়ালিয়া, উপজেলা : আমতলী, জেলা : বরগুনা

প্রথম অনুমতির তারিখ : ০৫/০৫/২০১১ খ্রি.

প্রথম স্বীকৃতির তারিখ : স্বীকৃতিপ্রাপ্ত নয়

এম.পি.ও ভুক্তির তারিখ : এম.পি.ও ভুক্ত নয়

| ক্রঃ নং | পূরণীয় শর্ত সমূহ | | কলেজের বর্তমান অবস্থার বর্ণনা | শর্ত পূরণ হয়েছে কিনা এ সম্পর্কে মতামত |
|---|---|---|---|---|
| ০১. | কলেজ থেকে নিকটতম কলেজের দুরত্ব | (পৌর ও শিল্প এলাকা):০২কি.মি (মফস্বল এলাকা):০৬কি.মি | পশ্চিমে:কোন কলেজ নেই পায়রা নদী-০৭কি.মি<br>পূর্ব-উত্তরে :টিয়াখালী কলেজ-২০ কি.মি<br>দক্ষিণে :তালতলী কলেজ-২০ কি.মি<br>উত্তরে: আমতলী কলেজ-১৬কি.মি<br>(উপজেলা প্রকৌশলী,আমতলী,বরগুনা এর প্রত্যয়নপত্র অনুযায়ী) | শর্ত পূরণকৃত |
| ০২. | উপজেলায় অবস্থিত সকল কলেজের বৃত্তান্ত | ছক-২ অনুযায়ী | ছক-২ সংযুক্ত | ছক-২ সংযুক্ত |
| ০৩. | প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা | প্রতি কলেজের জন্য ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) জনসংখ্যা | কলেজ এলাকার জনসংখ্যা:১,৬২,০০০(এক লক্ষ বাষট্টি হাজার) জন (উপজেলা নির্বাহী অফিসার, আমতলী,বরগুনা এর প্রত্যয়নপত্র অনুযায়ী) | শর্ত পূরণকৃত |
| ০৪. | ন্যূনতম শিক্ষার্থীর সংখ্যা | (ক) সাধারন শিক্ষা:<br>সহশিক্ষা ও শুধু বালক প্রতিষ্ঠানে-২৫০ জন (শহর এলাকা) ২০০জন (মফস্বল এলাকা)<br>(খ) শুধু বালিকাদের প্রতিষ্ঠানে-২০০জন (শহর এলাকা) ১৫০ জন (মফস্বল এলাকা) | একাদশ-৭২ জন<br>দ্বাদশ -৮৫ জন | শর্ত পূরণকৃত |
| ০৫. | কলেজের বিষয় ভিত্তিক ছাত্র-ছাত্রীর সংখ্যা | ছক-৩ অনুযায়ী | ছক-৩ সংযুক্ত | শর্ত পূরণকৃত |
| ০৬. | পরীক্ষার্থীর সংখ্যা | কমপক্ষে-<br>(ক) সহ শিক্ষা :৯৪ জন (শহর) ৭৫ জন (মফস্বল)<br>(খ) বালিকা : ৭৫ জন (শহর) ৫৭জন (মফস্বল) বা মোট ছাত্র-ছাত্রীর ৭৫% (যাহা বেশি) | ছক-৩ সংযুক্ত | শর্ত পূরণকৃত |
| ০৭. | পাসকৃত পরীক্ষার্থীর সংখ্যা ও পাসের হার | কমপক্ষে-<br>(ক) সহ শিক্ষা:৪৭ জন (শহর) ৩৭ জন (মফস্বল)<br>(খ) বালিকা: ৩৭জন (শহর) ২৮জন (মফস্বল) বা মোট পরীক্ষার্থীর ৫০% (যাহা বেশি) | ছক-৩ সংযুক্ত | শর্ত পূরণকৃত |
| ০৮. | নিজস্ব জমির পরিমান | ০.৫০ একর (মেট্রো এলাকা)<br>০.৭৫ একর (পৌর এলাকা)<br>১.০০ একর (মফস্বল এলাকা) | ১.১৬ একর (দলিল অনুযায়ী) | শর্ত পূরণকৃত |
| ০৯. | কলেজ ভবন/অবকাঠামো | ছাত্র-ছাত্রী প্রতি ১বর্গ মিটার ন্যূনতম প্রয়োজন অনুযায়ী পাকা/আধাপাকা/টিনশেড ভবন | কাঁচা-০১(১৭২ বর্গ মিটার)<br>আধাপাকা-০১টি(১২৫ বর্গ মিটার) | শর্ত পূরণকৃত |

চলমান পাতা-০২

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | শিক্ষক-কর্মচারীর সংখ্যা | অনুমোদিত স্টাফিং প্যাটার্ন অনুযায়ী যোগ্যতা সম্পন্ন | অধ্যক্ষসহ শিক্ষক:২০জন কর্মচারী :০৭জন | শর্ত পূরণকৃত |
| ১১. | লাইব্রেরী | ২০০০ বই ও স্বতন্ত্র লাইব্রেরী থাকতে হবে এবং পাঠ্য সহায়ক বই থাকতে হবে। | :২,১৯২(দুই হাজার একশত বিরানব্বই) খানা বই রয়েছে | শর্ত পূরণকৃত |
| ১২. | সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিল | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা | সংরক্ষিত তহবিল-১,০১,০০০/-টাকা, স্থায়ী আমানত হিসাব(এফডিআর) অগ্রণী ব্যাংক,আমতলী শাখা,বরগুনা সাধারণ তহবিল-৫১,৫০০/-টাকা,অগ্রণী ব্যাংক, আমতলী শাখা,বরগুনা | শর্ত পূরণকৃত |
| ১৩. | ব্যাক্তিরনামে নামকরণ | ১৫,০০,০০০ (পনের লক্ষ) টাকা | কলেজের প্রতিষ্ঠালগ্নে প্রয়োজনীয় টাকা জমা দিয়েছেন | শর্ত পূরণকৃত |
| ১৪. | পাঠ্যক্রম | জাতীয় শিক্ষক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত এবং সরকারি নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে | জাতীয় শিক্ষক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত এবং সরকারি নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করা হয় | শর্ত পূরণকৃত |
| ১৫. | সহ পাঠ্যক্রমিক কার্যক্রম | বার্ষিক ক্রীড়া, খেলাধূলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষরোপণ, স্কাউটিং/গার্লসগাইড ও পরিস্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করতে হবে | বার্ষিক ক্রীড়া, খেলাধূলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষরোপণ, স্কাউটিং/গার্লসগাইড ও পরিস্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয় | শর্ত পূরণকৃত |
| ১৬. | শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা ব্যবস্থাপনা | ব্যবস্থাপনা কমিটি গঠন সম্পর্কিত বিধিমালা অনুযায়ী অবশ্যই ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে (বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯ অনুযায়ী) | ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট নির্বাহী কমিটি রয়েছে | শর্ত পূরণকৃত |
| ১৭. | স্বীকৃতি/ রেজিষ্ট্রেশন ফি | একাডেমিক স্বীকৃতি ফি :৮,০০০/-(আট হাজার) টাকা | পে-অর্ডারের মাধ্যমে ফি পরিশোধ করেছে | শর্ত পূরণকৃত |

মন্তব্য:বরগুনা জেলার আমতলী উপজেলাধীন ০৭ নং আড়পাঙ্গাশিয়া ইউনিয়নের প্রত্যন্ত অঞ্চলে পায়রা নদী বিধৌত এক মনোরম পরিবেশে ড.মো: শহিদুল ইসলাম কলেজটি অবস্থিত। কলেজটির উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদানের নিমিত্তে শিক্ষা মন্ত্রণালয়ের ০৭/১২/২০১১ তারিখের ৩৭.০০৯.০১৮.০৩.০০.০০৮.২০১০/১১৮৯ নং নির্দেশের প্রেক্ষিতে সর্বশেষ পরিপত্র অনুযায়ী নির্ধারিত ছক মোতাবেক মতামত/সুপারিশসহ প্রতিবেদন প্রেরণের জন্য কলেজটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। বিস্তারিত তথ্য প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। কলেজটিতে বিজ্ঞান,মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা অনুমতিপ্রাপ্ত। এলাকার অধিকাংশ মানুষ গরীব কৃষিজীবী ও মৎষজীবী। কলেজটির ১৬ কিলোমিটারের মধ্যে কোন শিক্ষা প্রতিষ্ঠান না থাকায় উক্ত এলাকার শিক্ষার্থীরা উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হতো কিন্তু এ কলেজে পাঠদানের অনুমতি পাওয়ায় তারা উচ্চ শিক্ষার সুযোগ পাচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের ০৭/০৩/২০০৪ তারিখের শা-১১/৩(১৭)/২০০৩/২৪৪ নং প্রজ্ঞাপন অনুযায়ী আমতলী উপজেলায় নতুন কলেজের প্রয়োজনীয়তা রয়েছে। অনগ্রসর এলাকার দূরত্ব,জনসংখ্যার ঘনত্ব এবং উপকুলবর্তী এলাকা বিবেচনা করে ড.মো: শহিদুল ইসলাম কলেজের একাডেমিক স্বীকৃতি প্রদানের প্রয়োজনীয়তা রয়েছে।

১২.০৫.২০১৫

ড. মো: লিয়াকত হোসেন # ৯৫১১
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল
মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬
ই-মেইল:drliaquate@gmail.com

১১/০৫/১৫

মো: এ.কে. আজাদ ফারুক
সহকারী কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল
মোবাইল: ০১৭১১২৮৩০৪৪
ই-মেইল:makafbiseb@gmail.com